# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৮৬৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪. তাদের জীবন ও সম্পদে হস্তক্ষেপ করা হারাম যদি তারা দুই কালেমার সাক্ষ্য দেয় এবং নামায কায়েম করে ও যাকাত দেয়

بَابُ تَحْرِيمِ دِمَائِهِمْ وَأَمْوَالِهِمْ ؛ إِذَا يَشْهَدُوا بِالشَّهَادَتَيْنِ ، وَيُقِيمُوا الصَّلَاةَ ، وَيُؤْتُوا الزَّكَاةَ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، ثَنَا يُونُسُ بْنُ عَبْدِ الْأَعْلَى ، ثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ ، أَخْبَرَنِي يَحْيَى بْنُ أَيُّوبَ ، عَنْ حُمَيْدٍ ، عَنْ أَنَسٍ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " أُمِرْتُ أَنْ أُقَاتِلَ الْمُشْرِكِينَ حَتَّى يَشْهَدُوا أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ، فَإِذَا شَهِدُوا أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ، وَصَلَّوْا صَلَاتَنَا ، وَاسْتَقْبَلُوا قِبْلَتَنَا ، وَأَكَلُوا ذَبَائِحَنَا ، حُرِّمَتْ عَلَيْنَا أَمْوَالُهُمْ وَدِمَاؤُهُمْ إِلَّا بِحَقِّهَا ، وَلَهُمْ مَا لِلْمُسْلِمِ ، وَعَلَيْهِمْ مَا عَلَى الْمُسْلِمِ

বাংলা

৮৬৯(২). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমাকে নির্দেশ দেওয়া হয়েছে, আমি যেন মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধ করি যাবত না তারা সাক্ষ্য দেয় যে, আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই এবং নিশ্চয়ই মুহাম্মাদ আল্লাহর রাসূল। যখন তারা সাক্ষ্য দিলো যে, আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই এবং মুহাম্মাদ আল্লাহর রাসূল এবং তারা আমাদের নামাযের ন্যায় নামায পড়লো, আমাদের কিবলার অনুসরণ করলো এবং আমাদের যবেহকৃত পশুর মাংস আহার করলো (অর্থাৎ মুসলিম হলো), তখন আমাদের জন্য তাদের সম্পদ ও তাদের রক্তে (জীবনে) হস্তক্ষেপ করা হারাম, কিন্তু তার (দীন ইসলামের) অধিকারের ক্ষেত্র ব্যতীত (অর্থাৎ অপরাধ করলে শাস্তিভোগ করতে হবে)। আর তারা মুসলিমদের সমান অধিকার ভোগ করবে এবং মুসলিমদের সমান কর্তব্য তাদের উপর বর্তাবে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80658

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন